



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বড়াইগ্রাম, নাটোর।

স্মারক নং-১৩.০১.৬৯১৫.০০৪.৫৭.০৪৩.২৪.৬০

তারিখঃ ০৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ.
২২ জানুয়ারি ২০২৬ খ্রি.

খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা বড়াইগ্রাম উপজেলার ০৩ (তিন) টি ইউনিয়নের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪/১০/২০২৪ খ্রি. তারিখে সরকার কর্তৃক জারিকৃত খাদ্যবান্ধব কর্মসূচির খাদ্যশস্য বিক্রয় নীতিমালা-২০২৪ এর ৫.১ ধারা ও খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারকে পরিপত্রের উল্লিখিত (xi) নং নির্দেশনার প্রেক্ষিতে নির্ধারিত নিম্নোক্ত কেন্দ্রসমূহে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ করা হবে।

ইউনিয়নের নাম	নিয়োগকৃত ডিলারের সংখ্যা	বিক্রয় কেন্দ্রের নাম
বড়াইগ্রাম	১.	বাগডোব বাজার
মাঝগাঁও	১.	আগ্রাণ বাজার / নুরদহ (পিরপাল) বাজার
গোপালপুর	১.	নারায়নপুর বাজার / শিবপুর বাজার
মোট	=০৩ টি	

স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২২/০১/২০২৬ হতে ২৮/০১/২০২৬ খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বড়াইগ্রাম, নাটোর বরাবর আবেদন আহবান করা হচ্ছে।

শর্তসমূহঃ

- বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন;
- আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
- আবেদনকারীর ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদপত্র থাকতে হবে;
- আবেদনকারীকে স্ব-স্ব ইউনিয়নের ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং ট্রেড লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
- আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
- আবেদনকারীর কমপক্ষে ১৫ (পনের) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে;
- নিজস্ব ব্যবস্থাপনায় বিক্রয় কেন্দ্র/হাট/বাজারে নির্ধারিত স্থানে (দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে;
- আবেদনকারীর ব্যবসা প্রতিষ্ঠান (খাদ্যশস্য লাইসেন্সধারী) উল্লিখিত বিক্রয় কেন্দ্রে স্থানে হতে হবে এবং সেই বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে হবে অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপত্র, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের করনে ডিলারশীপ বাতিল হলে তিনি খাদ্যবান্ধব ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;
- খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না;
- প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
- একই ব্যক্তি একাধিক (একই কেন্দ্রে/অন্য কেন্দ্রে) আবেদন করতে পারবে না, যদি কেউ একাধিক আবেদন করে তাহলে সবগুলো আবেদন বাতিল বলে গণ্য হবে;
- আবেদনপত্র ঘসা/মাজা করা যাবে না, কোন প্রকার ভুল তথ্য/চাহিত কাগজপত্র সঠিকভাবে না প্রদান করলে আবেদনপত্র যাচাই-বাহাইকালে বাতিল বলে গণ্য হবে;
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না;
- কোন ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশীপ ব্যতিত অন্য কোনো ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে, এর ব্যত্যয় হলে উক্ত ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে;
- কোন ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে তাঁর নিকট থেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জামানত (ফেরত যোগ্য) পে-অর্ডারে গ্রহণ করা হবে এবং তাঁর নিকট হতে নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (পেরিশিট-খ) গ্রহণ করা হবে;
- খাদ্যবান্ধব ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে;
- খাদ্যবান্ধব কর্মসূচির নীতিমালা-২০১৭ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ডিলারগণ এ নীতিমালায় নতুন ভাবে আবেদন করতে পারবেন;
- খাদ্যবান্ধব ডিলারশীপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে (পেরিশিট-ক) আবেদন করতে হবে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর এর ওয়েব পোর্টাল (food.barraigam.natore.gov.bd) হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদনপত্রে অবশ্যই নাম, পিতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। সাথে সংযুক্ত সকল কাগজপত্র যথাযথ ভাবে খাম বন্দি করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বড়াইগ্রাম, নাটোরে জমা প্রদান করতে হবে;
- একই বিক্রয় কেন্দ্রে একাধিক প্রার্থী আবেদন করলে যোগ্য আবেদনকারীদের মধ্য হতে লটারির মাধ্যমে একজন ডিলার নির্বাচন করা হবে; আর যদি একই বিক্রয় কেন্দ্রে একজন প্রার্থী আবেদন করলে এবং যদি সে যোগ্য হয় তাহলে সরাসরি ডিলার নির্বাচিত করা হবে;
- খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


১৪/০১/২০২৬

মোঃ ডালিম কাজী
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,

ও

সদস্য সচিব

খাদ্যবান্ধব কমিটি